



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
ভান্ডারিয়া, পিরোজপুর।

www.cooperative.bhandaria.pirojpur.gov.bd

উপজেলা সমবায় কার্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর এ অংশীজনের (stakeholders) অংশগ্রহণে
০৯.১২.২০২৪ খি. তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতি: মোঃ মইনুল হাসান

উপজেলা সমবায় অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর

সভার তারিখ: ০৯.১২.২০২৪

সভার সময়: সকাল ১০ ঘটিকা

স্থান: উপজেলা সমবায় কার্যালয়, ভান্ডারিয়া, পিরোজপুর

উপস্থিতি: পরিশিষ্ট - ক

সভাপতি উপস্থিত সকল সমবায়ী ও কর্মকর্তা/ কর্মচারীগণদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভায় সভাপতি জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৪-২০২৫ এর সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের সূচক ২.৩ অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কর্মপরিকল্পনা মোতাবেক অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টেকহোল্ডারগণের অবহিতকরণ বিষয়ে প্রতি দুই কোয়াটারে একটি করে বছরে ০১ (এক) টি সভা করতে হবে। জনগণের নিকট সরকারি দপ্তরসমূহের জবাবদিহি নিশ্চিত করেসেবার মানোন্নয়ন এবং সুশাসন প্রতিষ্ঠার মাধ্যমে ভোগান্তিবিহীন জনসেবা নিশ্চিত করণই অভিযোগ প্রতিকার ব্যবস্থার মূখ্য উদ্দেশ্য। সচিবালয় নির্দেশমালা ২০১৪ তে নাগরিকের মতামত গ্রহণ এবং স্বচ্ছতা ও নিরপেক্ষতার সঙ্গে অভিযোগসমূহের প্রতিকার এবং সংরক্ষণের কার্যকর পদ্ধতির অনুশাসন দেয়া আছে। অভিযোগ প্রতিকারের জন্য বিভিন্ন দপ্তরে স্বতন্ত্র ব্যবস্থা চালু আছে।

প্রাপ্ত অভিযোগ তিন ধরনের বলে বিবেচিত হয় (ক) নাগরিক অভিযোগ; (খ) অভ্যন্তরিন অভিযোগ; (গ) প্রাতিষ্ঠানিক অভিযোগ। প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, আপিল কর্মকর্তা এবং অভিযোগ ব্যবস্থাপনা সেলের মাধ্যমে নিষ্পত্তি হয়।

সরকারি দপ্তরে সেবা সংক্রান্ত অভিযোগ গ্রহণ ও তা প্রতিকারের জন্য একজন কর্মকর্তা অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ করতে হয়। অনিকের নিকট দাখিলকৃত অভিযোগ ৩০ কর্মদিবসের মধ্যে নিষ্পত্তি করতে হবে। তবে প্রাপ্ত অভিযোগ তদন্তের প্রয়োজন হলে আরো ১০ দিন সময় পাওয়া যাতে পারে। অভিযোগ প্রতিকার সংক্রান্ত আপিল নিষ্পত্তির জন্য ০১ জন আপিল কর্মকর্তা থাকে। অনিক কর্তৃক নির্ধারিত সময়ে অভিযোগ নিষ্পত্তি না হলে অথবা অনিক কর্তৃক গৃহীত ব্যবস্থায় সংক্ষুব্ধ হলে আপিল কর্মকর্তার নিকট সরাসরি বা অনলাইনে আবেদন করতে হয়। আপিল নিষ্পত্তির সময়সীমা ৩০ কর্মদিবস। অভিযোগ ব্যবস্থাপনা সেল কর্তৃক অভিযোগ নিষ্পত্তির সর্বোচ্চ সময়সীমা ৬০ কর্মদিবস।

সভায় সভাপতি আরো জানান যে, নাগরিকদের সেবা প্রদানে নিম্নোক্ত দায়িত্ব পালন করতে হবে:


১. অভিযোগ ব্যবস্থা ও কর্মকর্তাদের দায়িত্ব ব্যবস্থা বিষয়ে সচেতনতা সৃষ্টি করতে হবে;

২. তথ্য বাতায়ন (ওয়েব পোর্টালে) ও সেবা প্রদান প্রতিশ্রুতিতে অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা ও আপিল কর্মকর্তার নাম দাপ্তরিক ফোন ফ্যাক্স নম্বর ই-মেইল ঠিকানা আবেদন পদ্ধতি ইত্যাদি সংযোজন ও হালনাগাদ করতে হবে;

সভায় উপস্থিত সমবায়ীগণ এ বিষয়ে বিভিন্ন কিছু জানতে চান এবং সভাপতি এর উত্তর দেন।

সিদ্ধান্ত: অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে অবহিতকরণের জন্য এপিএতে লক্ষমাত্রা অনুসারে সভার আয়োজন করতে হবে এবং উপজেলার ভ্রাম্যমান প্রশিক্ষণেও এ বিষয়ে সংক্ষিপ্ত ধারণা প্রদান করা যেতে পারে।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



০৯ ডিসেম্বর ২০২৪

মোঃ মঈনুল হাসান

উপজেলা সমবায় অফিসার

ভান্ডারিয়া, পিরোজপুর

ফোন: ০২৪৭৮৮৯১৯৫৫


ucobhandaria@gmail.com

স্মারকনং: ৪৭.৬১.৭৯১৪.০০০.৩৯.০০৯.১৫.৩৯৬

তারিখ: ০৯ ডিসেম্বর ২০২৪

জ্ঞাতার্থে ও কার্যার্থে-

১. জেলা সমবায় অফিসার, ভান্ডারিয়া, পিরোজপুর।



০৯ ডিসেম্বর ২০২৪

মোঃ মঈনুল হাসান

উপজেলা সমবায় অফিসার

পিরোজপুর